মহিপুরে বাসের ধাক্কায় এনজিওকর্মীর মৃত্যু

written by Chandradip News24 | December 14, 2024

পটুয়াখালীর মহিপুরে বাসের ধাক্কায় সাগর শিকদার অনু (২৭) নামের এক এনজিওকর্মী নিহত হয়েছেন। শনিবার (১৪ ডিসেম্বর) সকাল সাড়ে ছয়টার দিকে কলাপাড়া-কুয়াকাটা মহাসড়কের মুক্তিযোদ্ধা মেমোরিয়াল কলেজ সংলগ্ন সড়কে এ দুর্ঘটনা ঘটে।

নিহত সাগর পটুয়াখালীর মনোহরপুর গ্রামের জয়দেব শিকদারের ছেলে। তিনি বেসরকারি উন্নয়ন সংস্থা গুড নেইবার্সে নৈশ প্রহরী ও অফিস সহায়ক হিসেবে কর্মরত ছিলেন।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, সাগর শিকদার কর্মস্থল থেকে মোটরসাইকেলে করে নিজ বাড়ি মনোহরপুরে ফিরছিলেন। এ সময় ঢাকা থেকে আসা কুয়াকাটাগামী গ্রীন লাইন পরিবহনের একটি বাস তাকে ধাক্কা দেয়। ঘটনাস্থলেই তিনি প্রাণ হারান।

মহিপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তরিকুল ইসলাম জানিয়েছেন, মরদেহ উদ্ধার করে মর্গে পাঠানো হয়েছে। নিহতের পরিবারের অভিযোগের ভিত্তিতে পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

—

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম